



ওএমএস ডিলার নিয়োগ বিজ্ঞপ্তি

স্মারক নং- উখানি/কোম্পা/নোয়া-২০২৪ /৩০০ (৬)

তারিখঃ ১২/১১/২০২৪খ্রিঃ

খাদ্য মন্ত্রনালয়, সরবরাহ- ০১ শাখা, ঢাকা এর স্মারক নং- ১৩.০০.০০০০.০৪৬.৩৬.০০১.২০৫ তারিখ ০৯/০১/২০২৪ খ্রিঃ মূলে জারীকৃত পরিপত্র ও ওএমএস নীতিমালা ২০২৪খ্রিঃ মোতাবেক বিগত ১১/১১/২০২৪ খ্রিঃ তারিখে অনুষ্ঠিত কোম্পানীগঞ্জ উপজেলা ওএমএস কমিটির সিদ্ধান্ত অনুযায়ী অত্র নোয়াখালী জেলাধীন কোম্পানীগঞ্জ উপজেলার বসুরহাট পৌরসভায় ওএমএস কাযক্রম পরিচালনার জন্য নিম্নলিখিত স্থানের বিক্রয় কেন্দ্রে ডিলারশিপ পরিচালনার নিমিত্ত নতুন ডিলার নিয়োগ করণে অত্র বসুরহাট পৌরসভার প্রকৃত খাদ্যশস্য লাইসেন্স প্রাপ্ত ব্যক্তির নিকট হতে "নির্ধারিত ফরম" দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃনং	পৌরসভার নাম	বিক্রয় কেন্দ্র ও ডিলার সংখ্যা	ক্রঃনং	পৌরসভার নাম	বিক্রয় কেন্দ্র
০১	বসুরহাট পৌরসভা	নতুন বাসভাড, ০১ নং- ওয়ার্ড।	০৪	বসুরহাট পৌরসভা	সরকারী মুজিব কলেজ সংলগ্ন ৫নং-ওয়ার্ড
০২	বসুরহাট পৌরসভা	করালিয়া বাইপাস সড়ক, ০৩ নং- ওয়ার্ড	০৫	বসুরহাট পৌরসভা	হাসপাতাল রোড, ০৮নং-ওয়ার্ড।
০৩	বসুরহাট পৌরসভা	গরু বাজার সংলগ্ন, ০৪নং-ওয়ার্ড।	০৬	বসুরহাট পৌরসভা	রামদি, ২নং-ওয়ার্ড

আবেদনকারীর যোগ্যতা :-

- ১। আবেদনকারীকে বয়স ১৮ বছরের উর্ধ্বে বাংলাদেশের প্রকৃত নাগরিক এবং কোম্পানীগঞ্জ উপজেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।
- ২। আবেদনকারী যে বিক্রয় কেন্দ্রের ডিলার হতে আগ্রহী আবেদনপত্রে সেই বিক্রয় কেন্দ্রের স্থান উল্লেখ করতে হবে।
- ৩। আবেদনকারীর পৌরসভার ট্রেড লাইসেন্স থাকতে হবে এবং খাদ্যশস্যের লাইসেন্সপ্রাপ্ত ব্যবসায়ী হতে হবে।
- ৪। আবেদনকারীর কমপক্ষে ০৩ (তিন) স্ট্রিক্ট টপ খাদ্যশস্য সংরক্ষণের উপযোগী সংরক্ষণাগার থাকতে হবে।
- ৫। আবেদনকারীর মাল্যমালের হিসাব সংরক্ষণের, স্মার্ট ফোন ও অ্যাপস ব্যবহারের সক্ষমতা থাকতে হবে।
- ৬। আবেদনকারী ডিলার নিয়োগ হলে, নিজস্ব ব্যস্থাপনায় সরকার কর্তৃক নির্ধারিত স্থানে (ট্রাক/দোকানে) খাদ্যশস্য বিক্রয় করতে হবে।
- ৭। খাদ্যঅধিদপ্তরের কোন ডিলার /মিলার /টিকাদার পূর্বে শাস্তিপ্রাপ্ত,কালো তালিকাভুক্ত বা যে কোন অনিয়মের কারণে ডিলারশীপ বাতিল হওয়া ব্যক্তি ওএমএস ডিলারের জন্য আবেদন করতে পারবেন না।
- ৮। খাদ্যঅধিদপ্তরের নিয়ন্ত্রনাধীন কোন পরিবহন টিকাদার /প্রমটিকাদার,মিলার ও খাদ্য বাছব ডিলার হিসাবে কর্মরত কোন ব্যক্তি / তার উপর নির্ভরশীল কেউ এ কাযক্রমের ডিলার হতে পারবেন না।
- ৯। প্রজাতন্ত্রের কোন লাভজনক পদে অধিষ্ঠিত কোন কর্মকর্তা / কর্মচারী / জনপ্রতিনিধি ডিলার হতে পারবেন না।
- ১০। কোন ব্যক্তি ডিলারশিপ প্রাপ্ত হলে " নিম্ন ডিলারশিপ ব্যতীত অন্যকোন ডিলারের প্রতিনিধিত্ব করবেন না" মর্মে অংশীকারনামা দাখিল করতে হবে ; এর ব্যত্যয় হলে উভয় ব্যক্তির ডিলারশিপ বাতিল হবে।
- ১১। ওএমএস ডিলার অথবা তার প্রতিনিধির স্মার্ট ফোন / তথ্য সংগ্রহের ইলেক্ট্রনিকস ডিভাইস থাকতে হবে এবং সংশ্লিষ্ট অ্যাপস ব্যবহারে সক্ষমতা থাকতে হবে।
- ১২। খোলা বাজারে খাদ্যশস্য বিক্রয় (ওএমএস) নীতিমালা ২০১৫ অনুযায়ী লাইসেন্স প্রাপ্ত ব্যক্তিগণ এ নীতিমালায় নতুনভাবে আবেদন করতে পারবেন। বিদ্যমান ডিলারের মধ্যে কেউ বর্তমান নীতিমালা অনুযায়ী যোগ্য বিবেচিত হলে তাকে নতুন ডিলার হিসাবে তালিকাভুক্তির জন্য বিবেচনা করা যাবে।
- ১৩। ওএমএস ডিলারশিপ প্রাপ্তির জন্য "নির্ধারিত আবেদন ফরম" আবেদন করতে হবে। নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে যোগাযোগ করে "নির্ধারিত আবেদন ফরম" (পেরিশিট-খ) সংগ্রহ করতে হবে। আবেদনকারীকে অফেরতযোগ্য ৫০০/- (পাঁচশত) টাকা খাদ্য অধিদপ্তরের সংশ্লিষ্ট কোড " ১৪৮০২০১-১৩০২২০-১৪৪১২১১ অন্যান্য আদায় " খাতে অটোমেটেড চালানের (এ-চালান) মাধ্যমে চালানের মূল কপি জমা প্রদান সাপেক্ষে উপজেলা খাদ্যনিয়ন্ত্রকের কার্যালয় ,কোম্পানীগঞ্জ, নোয়াখালী হতে আবেদন ফরম ১২/১১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৮/১১/২০২৪ খ্রিঃ তারিখ পযন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে সংগ্রহ করতে হবে। আবেদন ফরম পূরন করে তার সহিত ক) ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি, খ) হালনাগাদ খাদ্যশস্য লাইসেন্সের সত্যায়িত কপি, গ) জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত কপি, ঘ) নাগরিক সনদ, ঙ) হালনাগাদ সংশ্লিষ্ট পৌরসভার ট্রেড লাইসেন্সের সত্যায়িত কপি, চ) ব্যাংক কর্তৃক আর্থিক স্বচ্ছলতার সনদ, ছ) ১০ নং- শর্তের অংশীকার নামা, জ) সর্বনিম্ন ০৩ মে:টনের অধিক খাদ্যশস্য ধারনক্ষম দোকানের মালিকানা / ভাড়া সংক্রান্ত দলিলাদির সত্যায়িত কপি সংযুক্ত পূর্বক মুখবন্ধ খামে ১২/১১/২০২৪ খ্রিঃ তারিখ হতে ১৮/১১/২০২৪ খ্রিঃ তারিখ পযন্ত অফিস চলাকালীন সময়ের মধ্যে উপজেলা খাদ্য নিয়ন্ত্রকের কার্যালয় ,কোম্পানীগঞ্জ, নোয়াখালী-এর রক্ষিত বাস্তব জমা প্রদান করতে হবে। খামের উপর আবেদিত বিক্রয় কেন্দ্রের নাম, নিজ নাম, ঠিকানা ও মোবাইল নম্বর স্পষ্ট করে লিখতে হবে।
- ১৪। কর্তৃপক্ষ প্রয়োজনে ওএমএস ডিলার নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয় পরিবর্তন / পরিমার্জন অথবা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।
- ১৫। এই বিজ্ঞপ্তি টি উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, কোম্পানীগঞ্জ, নোয়াখালী এর ওয়েব সাইট <http://food.companiganj.nskhafi.gov.bd> তে পাওয়া যাবে।
- ১৬। উপজেলা ওএমএস কমিটির অনুমোদনক্রমে এ বিজ্ঞপ্তি জারি করা হলো।


১২/১১/২০২৪
(রাজীব চন্দ্র রায়)

উপজেলা খাদ্য নিয়ন্ত্রক
ও
সদস্য সচিব,
উপজেলা ওএমএস কমিটি
কোম্পানীগঞ্জ, নোয়াখালী।